



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।  
www.badc.gov.bd  
(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)



স্মারক নং-১২.০৬.০০০০.২০৩.২৭.১৬১.২০২১.৩০৫১

তারিখ: ০৩ কার্তিক ১৪২৮  
১৯ অক্টোবর ২০২১

**বিষয়: সাময়িক বরখাস্ত সংক্রান্ত।**


যেহেতু, আপনি জনাব জি এম নুরুজ্জামান, সহকারী পরিচালক (সার), শিবগঞ্জ, ঠাকুরগাঁও। আপনি ১২/১০/২০২১খ্রি: তারিখে ০৪ (চার)টি লরি চালান যুগ্মপরিচালক (সার) বিএডিসি, দিনাজপুর অঞ্চলের অন্তর্গত শিবগঞ্জ, ঠাকুরগাঁও দপ্তরের গুদাম রক্ষকে এন্ট্রি দেয়ার জন্য বলেন। গুদামে সার না নিয়ে আসায় গুদাম রক্ষক তা এন্ট্রি করতে অস্বীকৃতি জানান এবং জনাব মোঃ মোশাফের হোসেন, যুগ্মপরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর অঞ্চল, বিএডিসি, দিনাজপুরকে মোবাইল ফোনে বিষয়টি অবহিত করেন এবং পরবর্তীতে পত্র দিয়ে জানান ও এ ব্যাপারে দিক নির্দেশনা চান। যুগ্মপরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর অঞ্চল, বিএডিসি, দিনাজপুর সংস্থার নিয়ম পরিপন্থি এ ধরনের কাজ না করার জন্য গুদাম রক্ষককে পরামর্শ প্রদান করেন। সার গুদামে সার মজুদ হওয়ার পর প্রাপ্তি রেজিস্টারে মজুদভুক্ত করার জন্য গুদাম রক্ষককে পরামর্শ দেন। তৎপ্রেক্ষিতে আপনাকে সার গুদামে নিয়ে এসে সার মজুদভুক্ত করার জন্য কঠোরভাবে নির্দেশ প্রদান করেন। জনাব মোঃ মোশাফের হোসেন, যুগ্মপরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর অঞ্চল, বিএডিসি, দিনাজপুর গত ১৩/১০/২০২১খ্রি: তারিখে সরেজমিনে সার গুদাম পরিদর্শনে দেখতে পান ৫৬৬৪ নং চালানে টিএসপি সার একটি ভিন্ন ট্রাকে নিয়ে এসে গুদামে মজুদ করা হয়েছে। পরিদর্শনকালীন রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত ডিএপি সারের ০৩(তিন)টি ট্রাক গুদামে পৌঁছানো হয়নি। ১৪/১০/২০২১খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে ডিএপি সার ২টি ভিন্ন ট্রাকে করে গুদামে পৌঁছানো হয়। ডিএপি সারের অবশিষ্ট আর ০১টি ট্রাক ১৬/১০/২০২১খ্রি: তারিখ ৩.১৫ মিনিটে গুদামে পৌঁছানো হয়। আপনি যুগ্মপরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর উপর্যুক্ত নির্দেশনা অমান্য করে বিধি বহির্ভূতভাবে গুদামে সার মজুদ করার চেষ্টা করেন।

০২। যেহেতু, আপনার এহেন আচরণ বিএডিসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ অনুযায়ী ৩৯ (ক) (খ) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের শামিল যা শাস্তিযোগ্য অপরাধ।

০৩। সেহেতু, বিএডিসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধি নম্বর- ৪৫(১) অনুযায়ী আপনাকে সংস্থার চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো এবং ইহা অফিস আদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে।

০৪। জনাব জি এম নুরুজ্জামান, সহকারী পরিচালক (সার), শিবগঞ্জ, ঠাকুরগাঁও সাময়িক বরখাস্তকালীন মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা দপ্তরে সংযুক্ত থাকবেন ও বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

০৫। এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
১৯ অক্টোবর ২০২১  
(মোঃ আশরাফুজ্জামান)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর: ২২৩৩৮৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

জনাব জি এম নুরুজ্জামান  
সহকারী পরিচালক (সার)  
শিবগঞ্জ, ঠাকুরগাঁও।

[স্থায়ী ঠিকানা: পিতা: জি এম আব্দুল আজিজ, গ্রাম: শ্রীফলকাটি,  
পো: ইশ্বরীপুর, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা]

অনুলিপি (সদয় অবগতি ও কাযার্থে):

১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
- ২.....(সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান), বিএডিসি, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা/ বীজ), বিএডিসি, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয় এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৫. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর/.....।
৬. সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যক্তিগত দাবী/ প্রভত/ বীমা), বিএডিসি, ঢাকা।
৭. অফিস কপি/ ব্যক্তিগত নথি/ মাষ্টার ফাইল কপি।